# রাজশাহী বিশ্ববিদ্যালয়

## ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) /স্নাতক শ্রেণীতে ভর্তি পরীক্ষায় বিভিন্ন ইউনিট / বিভাগের শর্ত সমূহ নিম্নরূপঃ

| ইউনিট A (কলা অনুষদ)-এর MCQ প্রশ্নপত্রের ধরণ, পরীক্ষার মানবন্টন ও নির্দেশনা নিম্নরূপঃ | | |
|---|---|---|
| MCQ পরীক্ষার পূর্ণমান: ১০০ | MCQ পরীক্ষার পাশ নম্বর: ৪০<br>তবে শুধুমাত্র সঙ্গীত বিভাগ এবং নাট্যকলা বিভাগের পাশ নম্বর: ৩০ | সময়: ১ ঘণ্টা |
| সঙ্গীত এবং নাট্যকলা বিভাগের ব্যবহারিক পরীক্ষার পূর্ণমান: ১০০ | উভয় বিভাগের ব্যবহারিক পরীক্ষার পাশ নম্বর : ৪০ | |
| A ইউনিট (কলা অনুষদ)-এর MCQ প্রশ্নপত্রে ক, খ, গ ৩টি অংশ থাকবে। পরীক্ষার মানবন্টন ও নির্দেশনা নিম্নরূপঃ | | |

| অংশ | মানবণ্টন |
|---|---|
| ক. বাংলা | ৩০ নম্বর |
| খ. ইংরেজি | ৩০ নম্বর |
| গ. সাধারণ জ্ঞান | ৪০ নম্বর |

A ইউনিটে (কলা অনুষদ) ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ সম্মান শ্রেণিতে ভর্তি পরীক্ষার বিভাগীয় শর্তসমুহ নিম্নরূপঃ

| ক্রঃ | বিভাগের নাম | পরীক্ষার বিষয়, মানবন্টন ও বিশেষ শর্ত/ শর্তসমূহ |
|---|---|---|
| ১. | দর্শন বিভাগ | যারা উচ্চ মাধ্যমিক পর্যায়ে ২০০ নম্বরের যুক্তিবিদ্যা পড়েছে তাদের জন্য বিভাগে ৪০% আসন সংরক্ষিত থাকবে। |
| ২. | ইতিহাস বিভাগ | যাদের উচ্চ মাধ্যমিক পর্যায়ে ইতিহাস (সাধারণ ইতিহাস) বিষয় ছিল তাদের জন্য ৪৫ (পঁয়তাল্লিশ) টি আসন সংরক্ষিত থাকবে। |
| ৩. | ইংরেজি বিভাগ | ইংরেজি বিভাগে ভর্তির ক্ষেত্রে MCQ পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের মধ্য হতে ইংরেজি অংশে (৩০ নম্বরের মধ্যে) প্রাপ্ত সর্বোচ্চ নম্বরের ভিত্তিতে ১২০০ পরীক্ষার্থীর ৫০ নম্বরের (Reading Comprehension 25, Essay-25) (বিভাগের অধীনে) লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে । লিখিত পরীক্ষার পাশ নম্বর ২০। উক্ত লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতেই ইংরেজি বিভাগ মেধা তালিকা প্রস্তত করবে। |
| ৪. | বাংলা বিভাগ | প্রার্থীকে উচ্চ মাধ্যমিক/সমমান পর্যায়ে ২০০ নম্বরের বাংলা পড়ে আসতে হবে। মোট আসন সংখ্যার ৭৫% আসন উচ্চ মাধ্যমিকে মানবিক শাখার শিক্ষার্থীদের (সাধারণ শিক্ষা বোর্ড) এবং অবশিষ্ট ২৫% আসন মানবিক শাখা ব্যতীত অন্যান্য শাখার শিক্ষার্থীদের (সাধারণ ও অন্যান্য শিক্ষা বোর্ড হতে উত্তীর্ণ) জন্য সংরক্ষিত।<br>বাংলা বিভাগে ভর্তির ক্ষেত্রে MCQ পরীক্ষায় বাংলা অংশে ৩০-এর মধ্যে ১৫ নম্বর পেতে হবে। |
| ৫. | ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ | ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের পৃথক কোন শর্ত নাই। |
| ৬. | ভাষা বিভাগঃ উর্দু ও সংস্কৃত | ভাষা বিভাগের পৃথক কোন শর্ত নাই। |
| ৭. | আরবী বিভাগ | আরবি বিভাগের মোট আসনের ৮৫% দাখিল/ আলিম পাশ ছাত্র/ছাত্রীদের জন্য সংরক্ষিত থাকবে। |
| ৮. | ইসলামিক স্টাডিজ বিভাগ | ইসলামিক স্টাডিজ বিভাগের মোট আসনের ৮০% দাখিল/ আলিম পাশ ছাত্র/ছাত্রীদের জন্য সংরক্ষিত থাকবে। |
| ৯. | সঙ্গীত বিভাগ | সঙ্গীত বিভাগে ব্যবহারিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য MCQ পরীক্ষার Qualifying নম্বর হবে ৩০। MCQ পরীক্ষায় ৩০ নম্বর প্রাপ্ত ছাত্র/ছাত্রীদের জন্য ১০০ নম্বরের ব্যবহারিক পরীক্ষা হবে, যার পাশ নম্বর হবে ৪০। MCQ ও ব্যবহারিক পরীক্ষায় প্রাপ্ত যৌথ নম্বরের ভিত্তিতে উক্ত বিভাগে মেধা তালিকা প্রস্তুত করা হবে। MCQ পরীক্ষার প্রাথমিক ফলাফল প্রকাশের ৩য় দিন থেকে ৭ম দিন পর্যন্ত সঙ্গীত বিভাগের ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। |
| ১০. | নাট্যকলা বিভাগ | নাট্যকলা বিভাগে ব্যবহারিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য MCQ পরীক্ষার Qualifying নম্বর হবে ৩০। MCQ পরীক্ষায় ৩০ নম্বর প্রাপ্ত ছাত্র/ছাত্রীদের জন্য ১০০ নম্বরের ব্যবহারিক পরীক্ষা হবে, যার পাশ নম্বর হবে ৪০। MCQ ও ব্যবহারিক পরীক্ষায় প্রাপ্ত যৌথ নম্বরের ভিত্তিতে উক্ত বিভাগে মেধা তালিকা প্রস্তুত করা হবে। MCQ পরীক্ষার প্রাথমিক ফলাফল প্রকাশের ৩য় দিন থেকে ৭ম দিন পর্যন্ত নাট্যকলা বিভাগের ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। |
| ১১. | ফারসি ভাষা ও সাহিত্য বিভাগ | এ বিভাগের মোট আসনের ৫০% দাখিল/আলিম পাশ ছাত্র/ছাত্রীদের জন্য সংরক্ষিত থাকবে। |

অঃ পৃঃ দ্রঃ

| ক্রঃ নং | ইউনিট ও বিভাগ | প্রশ্নের ধরন | পরীক্ষার বিষয়, মান বন্টন ও বিশেষ শর্ত |
|---|---|---|---|
| ২. | ইউনিট B:<br>১. আইন<br>২. আইন ও ভূমি প্রশাসন | MCQ<br>ও<br>লিখিত | ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে বি ইউনিট (আইন অনুষদ) এর অধীনে এলএলবি (অনার্স) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষায় বি ইউনিট/ আইন অনুষদ প্রদত্ত শর্তাবলী নিম্নরূপ:<br><br>১। ১০০ নম্বরের পরীক্ষায় ৮০ নম্বরের MCQ ও ২০ নম্বরের লিখিত পরীক্ষা হবে ১ঘন্টা সময়ের মধ্যে।<br><br>২। ৮০ নম্বরের MCQ পরীক্ষায় বাংলা ৩০ , ইংরেজি ৩০ এবং 'সাধারণ জ্ঞান ও বুদ্ধিমত্তা যাচাই' বিষয়ে ২০ নম্বরের প্রশ্ন থাকবে। ইংরেজি মাধ্যমে (O level এবং A level) প্রার্থীদের জন্য বাংলার পরিবর্তে Advanced English বিষয়ে প্রশ্ন থাকবে।<br><br>৩। ৮০ নম্বরের MCQ পরীক্ষায় পাশ নম্বর ৩২। তবে সেক্ষেত্রে বাংলা ও ইংরেজি বিষয়ে প্রতিটিতে ন্যূনতম ১২ নম্বর অবশ্যই পেতে হবে।<br><br>৪। ২০ নম্বরের লিখিত পরীক্ষায় বাংলা বিষয়ে ১০ ও ইংরেজি বিষয়ে ১০ নম্বরের প্রশ্ন থাকবে। এক্ষেত্রে বাংলা ও ইংরেজি বিষয়ের প্রতিটিতে ন্যূনতম ৪ নম্বর করে মোট ৮ নম্বর পেতে হবে।<br><br>৫। ক্ষুদ্র নৃগোষ্ঠী কোটায় প্রার্থীদের ক্ষেত্রে MCQ ও লিখিত পরীক্ষার বাংলা ও ইংরেজি বিষয়ের ন্যূনতম নম্বরের শর্ত প্রযোজ্য নয়।<br><br>৬। যারা MCQ পরীক্ষায় উত্তীর্ণ হবে কেবলমাত্র তাদেরই লিখিত পরীক্ষার খাতা মূল্যায়ন করা হবে। মূল্যায়ন শেষে (আনুমানিক দশ দিন পর ) শুধুমাত্র নির্বাচিতদের তালিকা ভর্তির জন্য প্রকাশ করা হবে। |

অঃ পৃঃ দ্রঃ

| ক্রঃ নং | ইউনিট ও বিভাগ | প্রশ্নের ধরন | পরীক্ষার বিষয়, মান বন্টন ও বিশেষ শর্ত |
|---|---|---|---|
| ৩. | ইউনিট C :<br>(১) গণিত<br>(২) পদার্থবিজ্ঞান<br>(৩) রসায়ন<br>(৪) পরিসংখ্যান<br>(৫) প্রাণ রসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান<br>(৬) ফার্মেসী<br>(৭) পপুলেশন সায়েন্স এন্ড হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট<br>(৮) ফলিত গণিত<br>(৯) শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান | MCQ | ভর্তি পরীক্ষা দু'টি স্ট্রিম-এ অনুষ্ঠিত হবে:<br>I) বিজ্ঞান স্ট্রিম (Science Stream):<br><br>* ক শাখা (আবশ্যিক)- পদার্থ + রসায়ন+গণিত (৩০ + ৩০+২০ )= ৮০ নম্বর<br>* খ শাখা (ঐচ্ছিক)- জীববিদ্যা ২০ নম্বর<br>* গ শাখা (ঐচ্ছিক) - গণিত ২০ নম্বর<br><br>যে সকল ভর্তিচ্ছু ক ও খ শাখায় উত্তর দিবে তারা C- ইউনিটের সকল বিভাগে ভর্তির জন্য বিবেচিত হবে।<br><br>যে সকল ভর্তিচ্ছু ক ও গ শাখায় উত্তর দিবে তারা ফার্মেসী এবং প্রাণ রসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান বিভাগ ব্যতীত C- ইউনিটের অন্যান্য বিভাগে ভর্তির জন্য বিবেচিত হবে।<br><br>এইচএসসি পর্যায়ে পদার্থ, রসায়ন, গণিত ও জীববিদ্যা না থাকলে ফার্মেসী এবং প্রাণ রসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান বিভাগে ভর্তি হতে পারবে না।<br><br>ভর্তি পরীক্ষায় ক (আবশ্যিক) শাখায় ন্যূনতম ২৬ নম্বর<br>খ বা গ (ঐচ্ছিক) শাখায় ন্যূনতম ০৬ নম্বর সহ<br>সর্বমোট ৪০ নম্বর না পেলে ভর্তি পরীক্ষায় অকৃতকার্য বলে বিবেচিত হবে।<br><br>বিজ্ঞান স্ট্রিম-এ শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান বিভাগের জন্য ৩০ টি আসনের মধ্যে ১৪ টি আসন নির্ধারিত।<br>এই বিভাগে বিজ্ঞান স্ট্রিম থেকে ভর্তি ইচ্ছুক ছাত্র-ছাত্রীদের ও.এম.আর. সীটে নির্ধারিত পছন্দের ঘরটি অবশ্যই পূরণ করতে হবে। অন্যথায় শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান বিভাগে ভর্তির জন্য বিবেচিত হবে না।<br><br>II ) অ-বিজ্ঞান স্ট্রিম (Non-Science Stream)<br>বিজ্ঞান ব্যতীত অন্যান্য শাখার প্রার্থীরা দরখাস্ত করতে পারবে (যেমন- মানবিক, বাণিজ্য..........ইত্যাদি)।<br>* ক শাখা- বাংলা = ৩০ নম্বর<br>* খ শাখা- ইংরেজী = ৩০ নম্বর<br>* গ শাখা- সাধারণ জ্ঞান = ৪০ নম্বর<br><br>যারা অ-বিজ্ঞান স্ট্রিম-এ পরীক্ষা দিবে তারা শুধুমাত্র শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান বিভাগে ভর্তির জন্য বিবেচিত হবে।<br><br>ভর্তি পরীক্ষায় ক শাখায় বাংলায় ন্যূনতম ১২ নম্বর<br>খ শাখায় ইংরেজীতে ন্যূনতম ৭ নম্বর সহ সর্বমোট ৪০ নম্বর না পেলে ভর্তি পরীক্ষায় অকৃতকার্য বলে বিবেচিত হবে।<br><br>শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান বিভাগে ভর্তির জন্য বিজ্ঞান ও অ-বিজ্ঞান উভয় স্ট্রিমের উত্তীর্ণ পরীক্ষার্থীদের মধ্যে মেধাক্রমে নির্বাচিত অংশকে ব্যবহারিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য আহ্বান করা হবে।<br>লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় প্রাপ্ত নম্বর এবং খেলাধুলায় জাতীয় পর্যায়ে সনদ নম্বরের ভিত্তিতে মেধা তালিকা প্রদান করা হবে।<br>ব্যবহারিক পরীক্ষার সময় ও তারিখ পরে জানানো হবে।<br><br>ব্যবহারিক পরীক্ষার নম্বর =৩২<br>খেলাধুলায় জাতীয় পর্যায়ে সনদ পত্রের জন্য নম্বর =৮।<br><br>অ-বিজ্ঞান স্ট্রিম-এ শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান বিভাগে আসন সংখ্যা হবে-১৬টি।<br><br>BKSP এর সনদ আছে এমন ভর্তিচ্ছুদের শুধুমাত্র শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান বিভাগে ২০% বিশেষ কোটা সুবিধা থাকবে এবং তাদের ভর্তি পরীক্ষার পাশ নম্বর ২৫। |

অঃ পৃঃ দ্রঃ

<table>
<tr><th>ক্রঃনং</th><th>ইউনিট ও বিভাগ</th><th>প্রশ্নের ধরন</th><th>পরীক্ষার বিষয়, মান বন্টন ও বিশেষ শর্ত</th></tr>
<tr>
<td>৪.</td>
<td>ইউনিট D:<br>(১)হিসাববিজ্ঞান ও তথ্য ব্যবস্থা<br>(২) ম্যানেজমেন্ট স্টাডিজ<br>(৩) মার্কেটিং<br>(৪) ফাইন্যান্স<br>(৫) ব্যাংকিং ও ইনস্যুরেন্স</td>
<td>MCQ</td>
<td>
১। ব্যবসায় শিক্ষা ও অ-ব্যবসায় শিক্ষা (বিজ্ঞান ও মানবিক) গ্রুপের ছাত্র/ছাত্রী ভর্তি পরীক্ষায় আবেদন করতে পারবে।<br>
২। ব্যবসায় শিক্ষা ও অ-ব্যবসায় শিক্ষা গ্রুপের ছাত্র/ছাত্রীদের নিম্নলিখিত বিষয়ে এমসিকিউ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা দিতে হবে।
<table>
<tr><td></td><td>ব্যবসায় শিক্ষা গ্রুপ</td><td></td><td></td><td>অ-ব্যবসায় শিক্ষা গ্রুপ</td><td></td></tr>
<tr><td></td><td>বিষয়সমূহ</td><td>নম্বর</td><td></td><td>বিষয়সমূহ</td><td>নম্বর</td></tr>
<tr><td>ক)</td><td>ইংরেজি</td><td>৩০</td><td>ক)</td><td>বাংলা</td><td>৩০</td></tr>
<tr><td>খ)</td><td>ব্যবসায় শিক্ষা (ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, ফাইন্যান্স, ব্যাংকিং ও বীমা/ উৎপাদন ও বিপনন)</td><td>৪০</td><td>খ)</td><td>ইংরেজি</td><td>৩০</td></tr>
<tr><td>গ)</td><td>হিসাব বিজ্ঞান</td><td>৩০</td><td>গ)</td><td>সাধারণ জ্ঞান ও সাধারণ গণিত</td><td>৪০</td></tr>
</table>
৩. অনুষদভুক্ত বিভাগসমূহে আসনসংখ্যা নিম্নরূপ হবে :
<table>
<tr><td></td><td>বিভাগ</td><td>আসন সংখ্যা</td><td></td><td></td></tr>
<tr><td></td><td></td><td>ব্যবসায় শিক্ষা</td><td>অ-ব্যবসায় শিক্ষা</td><td>মোট</td></tr>
<tr><td>ক)</td><td>ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগ</td><td>৮৫</td><td>১৫</td><td>১০০</td></tr>
<tr><td>খ)</td><td>হিসাববিজ্ঞান ও তথ্য ব্যবস্থা বিভাগ</td><td>১০০</td><td>১০</td><td>১১০</td></tr>
<tr><td>গ)</td><td>ফাইন্যান্স বিভাগ</td><td>৮৫</td><td>১৫</td><td>১০০</td></tr>
<tr><td>ঘ)</td><td>মার্কেটিং বিভাগ</td><td>৮৫</td><td>২৫</td><td>১১০</td></tr>
<tr><td>ঙ)</td><td>ব্যাংকিং ও ইনস্যুরেন্স বিভাগ</td><td>৪৪</td><td>০৬</td><td>৫০</td></tr>
<tr><td></td><td>অনুষদে মোট আসন সংখ্যা</td><td>৩৯৯</td><td>৭১</td><td>৪৭০</td></tr>
</table>
৪। বিবিএ প্রথমবর্ষ ভর্তি পরীক্ষা ২০১৭-২০১৮ এর প্রাথমিক আবেদনপত্র জমার ক্ষেত্রে ব্যবসায় শিক্ষা গ্রুপের ছাত্র/ছাত্রীদের রোল নম্বর শুরু হবে D-10001 থেকে এবং অ-ব্যবসায় শিক্ষা গ্রপের ছাত্র/ছাত্রীদের রোল নম্বর শুরু হবে D-50001 থেকে।<br><br>
৫। উচ্চ মাধ্যমিক পরীক্ষায় নিম্নোক্ত গ্রুপের ছাত্র/ছাত্রীরা অ-ব্যবসায় শিক্ষা গ্রুপে ভর্তির জন্য প্রাথমিক আবেদনপত্র জমা দিতে এবং পরীক্ষা দিতে পারবে।<br><br>
উচ্চ মাধ্যমিক পরীক্ষার বিষয় :<br>
Science, Humanities, Agro Machineries, Electrical Works and Maintenance, Electronic Control, Machine Tools Operations and Maintenance, General (MAD), Isl. Studies, Welding and Fabrication.
</td>
</tr>
</table>

অঃ পৃঃ দ্রঃ

<table>
<tr><th>ক্রঃনং</th><th>ইউনিট ও বিভাগ</th><th>প্রশ্নের ধরন</th><th>পরীক্ষার বিষয়, মান বন্টন ও বিশেষ শর্ত</th></tr>
<tr><td>৫.</td><td>ইউনিট E :<br>(১) অর্থনীতি<br>(২) রাষ্ট্রবিজ্ঞান<br>(৩) সমাজকর্ম<br>(৪) সমাজবিজ্ঞান<br>(৫) গণযোগাযোগ ও সাংবাদিকতা<br>(৬) ইনফরমেশন সায়েন্স এন্ড লাইব্রেরী ম্যানেজমেন্ট<br>(৭) লোক প্রশাসন<br>(৮) নৃবিজ্ঞান<br>(৯) ফোকলোর<br>(১০) আন্তর্জাতিক সম্পর্ক</td><td>MCQ</td><td>সামাজিক বিজ্ঞান অনুষদের E ইউনিটে শুধুমাত্র অর্থনীতি বিভাগে ভর্তির ক্ষেত্রে নিম্নরূপ শর্ত প্রযোজ্য হবেঃ<br><br>উচ্চ মাধ্যমিক পর্যায়ে ২০০ নম্বরের অর্থনীতি / গণিত / পরিসংখ্যান যে কোন একটি বিষয় পঠিত হতে হবে এবং পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়ে কমপক্ষে A- (A Minus) গ্রেড থাকতে হবে।<br><br>এ ছাড়াও ভর্তি পরীক্ষার প্রশ্ন (বাংলা, ইংরেজি ও সাধারণ জ্ঞান) উচ্চ মাধ্যমিক পর্যায়ের পাঠ্য পুস্তক (Text Book) ভিত্তিক হবে।<br>মানবণ্টন নিম্নরূপঃ<br>ক) বাংলা = ৩৫<br>খ) ইংরেজি = ৪৫<br>গ) সাধারণ জ্ঞান= ২০<br>সর্বমোট =১০০</td></tr>
<tr><td>৬.</td><td>ইউনিট F:<br>(১) ভূগোল ও পরিবেশবিদ্যা<br>(২) মনোবিজ্ঞান<br>(৩) উদ্ভিদবিজ্ঞান<br>(৪) প্রাণিবিদ্যা<br>(৫) ভূ-তত্ত্ব ও খনিবিদ্যা<br>(৬)জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি<br>(৭) চিকিৎসা মনোবিজ্ঞান।</td><td>MCQ</td><td>১। এইচএসসি-তে বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য শাখায় অধ্যয়নকারী শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।<br>২। ভর্তি পরীক্ষা পদ্ধতি- MCQ ( Multiple Choice Questions)<br>৩। ভর্তি পরীক্ষা দু'টি Stream-এ অনুষ্ঠিত হবেঃ<br>Science Stream (বিজ্ঞান স্ট্রিম) এবং Non Science Stream (অ-বিজ্ঞান স্ট্রিম)<br><br>(ক) Science Stream (বিজ্ঞান স্ট্রিম)<br>(i) আবশ্যিক : পদার্থ বিদ্যা + রসায়ন (৩০+৩০) = ৬০ নম্বর<br>(ii). ঐচ্ছিক : জীববিজ্ঞান( উদ্ভিদবিজ্ঞান-২০, প্রাণিবিদ্যা-২০)/গণিত/ ভূগোল/ মনোবিজ্ঞান = ৪০ নম্বর<br><br>যে সকল পরীক্ষার্থী Science Stream -এ পরীক্ষা দিবে তারা F ইউনিটের সকল বিভাগে ভর্তির জন্য বিবেচিত হবে। উলেখ্য, যেসব পরীক্ষার্থীর এইচএসসি-তে জীববিজ্ঞান ছিল এবং ভর্তি পরীক্ষায় ঐচ্ছিক বিষয় হিসেবে জীববিজ্ঞান পরীক্ষা দিবে তারা অনুষদের সকল বিভাগে, এবং যারা গণিত বিষয়ে পরীক্ষা দিবে তারা ভূগোল ও পরিবেশবিদ্যা , ভূ-তত্ত্ব ও খনিবিদ্যা এবং চিকিৎসা মনোবিজ্ঞান বিভাগে ভর্তির সুযোগ পাবে। এ ছাড়া, যে সকল পরীক্ষার্থী ঐচ্ছিক বিষয় হিসেবে মনোবিজ্ঞান পরীক্ষা দিবে তারা মনোবিজ্ঞান এবং চিকিৎসা মনোবিজ্ঞান বিভাগে, এবং যারা ঐচ্ছিক বিষয় হিসেবে ভূগোল পরীক্ষা দিবে তারা শুধুমাত্র ভূগোল ও পরিবেশবিদ্যা বিভাগে ভর্তির জন্য বিবেচিত হবে।<br><br>(খ) Non -Science Stream (অ-বিজ্ঞান স্ট্রিম)<br>(i) আবশ্যিক : বাংলা + ইংরেজি (৩০+৩০) = ৬০ নম্বর<br>(ii) ঐচ্ছিক : ভূগোল/ মনোবিজ্ঞান/ সাধারণ জ্ঞান = ৪০ নম্বর<br><br>যে সকল পরীক্ষার্থী Non-Science Stream (অ-বিজ্ঞান স্ট্রিম)-এ পরীক্ষা দিবে তারা ভূগোল ও পরিবেশবিদ্যা এবং মনোবিজ্ঞান বিভাগে ভর্তির সুযোগ পাবে। উল্লেখ্য, যেসব পরীক্ষার্থী ঐচ্ছিক বিষয় হিসেবে সাধারণ জ্ঞান পরীক্ষা দিবে তারা উভয় বিভাগে ভর্তির জন্য বিবেচিত হবে।</td></tr>
</table>

অঃ পৃঃ দ্রঃ

<table>
<tr><th>ক্রঃনং</th><th>ইউনিট ও বিভাগ</th><th>প্রশ্নের ধরন</th><th>পরীক্ষার বিষয়, মান বন্টন ও বিশেষ শর্ত</th></tr>
<tr><td>৭.</td><td>ইউনিট G:<br>(১) এগ্রোনমী এন্ড এগ্রিকালচারাল এক্সটেনশন<br>(২) ফিশারীজ<br>(৩) ভেটেরিনারী এন্ড এনিমেল সায়েন্সেস<br>(৪) ক্রপ সায়েন্স এন্ড টেকনোলজি।</td><td>MCQ</td><td>(ক) ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ ভর্তি পরীক্ষা MCQ পদ্ধতিতে নেয়া হবে। সর্বমোট ১০০ নম্বরের জন্য নিম্নোক্তভাবে ১০০টি প্রশ্ন থাকবে।<br>জীববিজ্ঞান ৫০টি প্রশ্ন<br>রসায়ন ২০টি প্রশ্ন<br>পদার্থবিজ্ঞান ২০টি প্রশ্ন<br>ইংরেজী ১০ টি প্রশ্ন<br>(খ) এইচএসসি বিজ্ঞান শাখার ছাত্র/ছাত্রীরা আবেদন করতে পারবে।<br>(গ) কলা ও বাণিজ্য শাখার ছাত্র/ছাত্রীদের এইচএসসি-তে কৃষি বিজ্ঞান/ কৃষি শিক্ষা থাকলেও তারা আবেদন করতে পারবেনা।</td></tr>
<tr><td>৮.</td><td>ইউনিট H<br>(১) ফলিত পদার্থ বিজ্ঞান ও ইলেট্রনিক ইঞ্জিনিয়ারিং<br>(২) ফলিত রসায়ন ও রসায়ন প্রকৌশল<br>(৩) কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং<br>(৪) ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং<br>(৫) ম্যাটেরিয়াল্‌স সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং<br>(৬) ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং।</td><td>MCQ</td><td>আরোপিত শর্তসমূহ:<br>(ক) প্রার্থীকে এইচএসসি পরীক্ষায় পঠিত বিষয় হিসেবে পদার্থবিজ্ঞান, রসায়ন ও গণিত থাকতে হবে এবং গণিত বিষয়ে কমপক্ষে C Grade থাকতে হবে।<br>(খ) ভর্তি পরীক্ষার মান বন্টন :
<table>
<tr><th>বিষয়</th><th>প্রশ্নের সংখ্যা</th><th>নম্বর</th><th>মোট নম্বর</th></tr>
<tr><td>পদার্থবিজ্ঞান</td><td>২০</td><td>১.৫</td><td>৩০</td></tr>
<tr><td>রসায়ন</td><td>২০</td><td>১.৫</td><td>৩০</td></tr>
<tr><td>গণিত</td><td>২০</td><td>১.৫</td><td>৩০</td></tr>
<tr><td>ইংরেজী</td><td>৫</td><td>১</td><td>৫</td></tr>
<tr><td>আইসিটি</td><td>৫</td><td>১</td><td>৫</td></tr>
<tr><td>মোট</td><td>৭০টি</td><td></td><td>১০০</td></tr>
</table>
(গ) ৭১ নং প্রশ্নটি বাধ্যতামূলক এবং নম্বর বিহীন। উক্ত প্রশ্নটির উত্তর না দিলে উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।<br>(ঘ) নূন্যতম পাস মার্কস ৪০।<br>(ঙ) OMR Sheet যথাযথভাবে পূরণ না করলে তা বাতিল বলে গণ্য হবে।<br>(চ) প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৪ মার্কস কাটা যাবে।<br>(জ) একই প্রশ্নের একাধিক উত্তর গ্রহণযোগ্য হবে না। এরূপ ক্ষেত্রে ঐ প্রশ্নের উত্তর ভুল বলে গণ্য হবে এবং ০.৪ মার্কস কাটা যাবে।</td></tr>
<tr><td>৯.</td><td>ইউনিট I<br>(১) চিত্রকলা, প্রাচ্যকলা ও ছাপচিত্র<br>(২) মৃৎশিল্প ও ভাস্কর্য<br>(৩) গ্রাফিক ডিজাইন, কারুশিল্প ও শিল্পকলার ইতিহাস।</td><td>MCQ</td><td>(ক) ভর্তি পরীক্ষার সময় হবে : ১.৩০ ঘন্টা (ব্যবহারিক ও তত্ত্বীয়)<br>(খ) পূর্ণমান হবে : ২০০ (ব্যবহারিক : ১০০ + MCQ : ১০০)<br>মান বণ্টন:<br>বাংলা ৩০<br>ইংরেজী ৩০<br>সাধারন জ্ঞান ৪০<br>১০০<br>MCQ পদ্ধতির ভর্তি পরীক্ষায় পাশ নম্বর ৩০।<br>MCQ ও ব্যবহারিক পরীক্ষা একই সঙ্গে হবে।<br>১০০ নম্বরের ড্রইং (ব্যবহারিক) পরীক্ষার পাশ নম্বর হবে ৪০।</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রঃনং</th><th>ইউনিট ও বিভাগ</th><th>প্রশ্নের ধরন</th><th>পরীক্ষার বিষয়, মান বন্টন ও বিশেষ শর্ত</th></tr>
<tr><td>১০.</td><td>ইউনিট J:<br>(১) ইনস্টিটিউট অব বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন</td><td>MCQ</td><td>১. ১০০ নম্বরের MCQ পদ্ধতিতে পরীক্ষা অনুষ্ঠিত হবে।<br>২. আসন সংখ্যা -মোট= ৫০ (বাণিজ্য- ২৫ ও অবাণিজ্য- ২৫)।<br>৩. নম্বর বন্টন নিম্নরূপ : ( মোট নম্বর-১০০)<br>বাণিজ্য গ্রুপ — ইংরেজি : ৫০; বাণিজ্য : ৫০<br>অবাণিজ্য গ্রুপ — ইংরেজি : ৫০; বুদ্ধিমত্তা, সাধারণ বিজ্ঞান ও সাধারণ গণিত : ৫০<br>স্ব স্ব গ্রুপের শিক্ষার্থীরা স্ব স্ব গ্রুপের প্রশ্নপত্রে পরীক্ষা দিবে : পাশ নম্বর ৪০।<br>৪. যোগ্যতার ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের নিয়ম অনুসৃত হবে।</td></tr>
<tr><td>১১.</td><td>ইউনিট K<br>(১) শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট</td><td>MCQ</td><td>(১) বি এড স্নাতক (সম্মান) ১ম বর্ষ ভর্তি পরীক্ষার প্রশ্নের বিষয়, প্রশ্নের সংখ্যা ও প্রশ্নের মান হবে নিম্নরূপঃ<br>প্রশ্নের বিষয় / প্রশ্নের সংখ্যা / মান বণ্টন<br>বাংলা / ২৫X ১ / =২৫<br>ইংরেজি / ২৫X ১ / =২৫<br>সাধারণ জ্ঞান / ২০X ১ / =২০<br>বুদ্ধিমত্তা দক্ষতা (গানিতিক দক্ষতা ও বিমুর্ত্ত যুক্তি) / ২০X ১.৫ / =৩০<br>মোট প্রশ্ন / ৯০ পূর্ণমান / =১০০<br>উল্লেখ্য, পরীক্ষার সময় হবে ১ ঘন্টা। ভর্তি পরীক্ষায় ইংরেজি বিষয়ে ন্যূনতম ৪০% মার্কস পেতে হবে।</td></tr>
</table>

## বিশেষ কোটার শর্তসমূহ ঃ

(ক) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর প্রার্থীরা MCQ পদ্ধতির ভর্তি পরীক্ষায় পাশ নম্বর ৪০ পেলে অবশ্যই তাদের জাতিভিত্তিক প্রত্যয়নপত্রের সত্যায়িত ফটোকপিসহ আবেদনপত্র সংশ্লিষ্ট ইউনিটে জমা দিতে হবে।

(খ) মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা ও নাতি/নাতনী MCQ পদ্ধতির ভর্তি পরীক্ষায় পাশ নম্বর ৪০ পেলে অবশ্যই পুত্র/কন্যা তাদের পিতা/ মাতা এবং নাতি/ নাতনী তাদের দাদা-দাদী/ নানা-নানীর মুক্তিযুদ্ধের সনদপত্রের সত্যায়িত ফটোকপি সহ আবেদনপত্র সংশ্লিষ্ট ইউনিটে জমা দিতে হবে।

(গ) শারীরিক প্রতিবন্ধী প্রার্থী MCQ পদ্ধতির ভর্তি পরীক্ষায় পাশ নম্বর ৪০ পেলে শারীরিক প্রতিবন্ধী প্রার্থী হিসাবে আবেদনপত্র সংশ্লিষ্ট ইউনিটে জমার পর বিশ্ববিদ্যালয় কর্তৃক গঠিত সংশ্লিষ্ট কমিটির রিপোর্টের ভিত্তিতে ভর্তির বিষয়াদি বিবেচনা করা হবে।

(ঘ) রাজশাহী বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর পুত্র/কন্যা ভর্তি পরীক্ষায় ন্যূনতম পাশ নম্বর ৪০ পেলে Ward কোটায় কোটা ভূক্তির জন্য সংশ্লিষ্ট অফিস প্রধানের সুপারিশসহ আবেদনপত্র সংশ্লিষ্ট ইউনিটে জমা দিতে হবে।

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের কোন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী অবসর গ্রহণ করলে অথবা চাকুরীরত অবস্থায় মৃত্যুবরণ করলে অবসর গ্রহণ বা মৃত্যুর তারিখ থেকে ৫ (পাঁচ) বছর Ward কোটার সুবিধা পাবে।

(ঙ) প্রত্যেক ধরনের বিশেষ কোটার আবেদনকারীদের কমপক্ষে তিনটি ইউনিটে আবেদন করতে হবে এবং আবেদনের সময় কোটার উল্লেখ করতে হবে ।

(চ) বিকেএসপি কোটার শিক্ষার্থীরা শুধুমাত্র শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান বিভাগে ভর্তির ক্ষেত্রে MCQ পদ্ধতির ভর্তি পরীক্ষায় পাশ নম্বর পেলে তাদের বিকেএসপি'র সনদপত্রের ফটোকপিসহ আবেদন সংশ্লিষ্ট ইউনিটে জমা দিতে হবে।

বিশেষ দ্রষ্টব্যঃ প্রয়োজনে কর্তৃপক্ষ শর্তাবলী সংশোধন করতে পারবে।

| | | |
|---|---|---|
| স্বাঃ/- | স্বাঃ/- | স্বাঃ/- |
| (এ.এইচ.এম. আসলাম হোসেন) | (প্রফেসর ড. এম. এ. বারী) | (প্রফেসর ড. আনন্দ কুমার সাহা) |
| উপ-রেজিস্ট্রার (একাডেমিক) | রেজিস্ট্রার | উপ-উপাচার্য |
| রাজশাহী বিশ্ববিদ্যালয় | রাজশাহী বিশ্ববিদ্যালয় | রাজশাহী বিশ্ববিদ্যালয় |